# বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ
# Bangladesh Chamber of Industries
Edison Prime (8th floor), 261/C, Tejgaon I/A, Nabisco Bus Stand, Dhaka-1208, Bangladesh
Phone: +8809611463463, Mobile: +8801934327752
E-mail : info@bci-bd.org, bci.bci85@gmail.com, Web : www.bci-bd.org


*সংবাদ বিজ্ঞপ্তি*

## বিসিআই এর আয়োজনে "Customs and VAT সংশ্লিষ্ট আইন ও বিধি এর প্রায়োগিক দিক" বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

ঢাকা, ০২ আগস্ট, ২০২৫ : আজ সকাল ১০.৩০ টায় বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (বিসিআই) এর আয়োজনে বিসিআই বোর্ডরুমে **"Customs and VAT সংশ্লিষ্ট আইন ও বিধি এর প্রায়োগিক দিক"** বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। বিসিআই এর সভাপতি জনাব আনোয়ার-উল আলম চৌধুরী (পারভেজ) এর সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আবদুল হাই সরকার, চেয়ারম্যান, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ব্যাংকস (বিএবি), আলোচক/ট্রেইনার হিসেবে উপস্থিত ছিলেন জনাব তারেক হাসান, প্রথম সচিব, কাস্টমস, এনবিআর এবং ব্যারিস্টার মো. বদরুজ্জামান মুন্সী, দ্বিতীয় সচিব, ভ্যাট নীতি, এনবিআর । কর্মশালায় বিভিন্ন প্রতিষ্ঠান ও সেক্টরের ৩০ জন প্রতিনিধি অংশগ্রহণ করেন। ছাড়াও কর্মশালায় বিসিআই এর পরিচালক ড. দেলোয়ার হোসেন রাজা উপস্থিত ছিলেন।

বিসিআই এর সেক্রেটারি জেনারেল ড. মোঃ হেলাল উদ্দিন, এনডিসি এর পরিচালনায় উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে জনাব আনোয়ার-উল আলম চৌধুরী (পারভেজ) বলেন, বিসিআই নিয়মিত ভাবে দেশের শিল্পায়ন, বৈদেশিক বাণিজ্য এবং অন্যান্য শিল্প ও ব্যবসা বিষয়ক গুরুত্বপূর্ণ আইন ও নীতিমালা বিষয়ে ওরিয়েন্টেশন/প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করে আসছে আর তারই ধারাবাহিকতায় আজকের এই কর্মশালা। Customs and VAT এ দুইটি বিষয়ে আমাদের জানার স্বল্পতা রয়েছে, যার জন্য প্রতিনিয়ত সমস্যার সম্মুখীন হতে হচ্ছে ব্যবসায়ীদের, আর এই লক্ষ্যে আমাদের আজকের এই আয়োজন। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার জন্য তিনি বিএবি এর চেয়ারম্যান কে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন।

প্রধান অতিথির বক্তব্যে জনাব আবদুল হাই সরকার, চেয়ারম্যান, বিএবি বলেন আমাদের কর দাতা এবং যারা কর সংগ্রহ করেন তাদের মধ্যে একধরনের দুরত্ব রয়ে গেছে এই দূরত্ব কমানো গেলে এ কর আদায় ও ব্যবস্থাপনায় সমস্যা কমে আসবে। তিনি বাস্তব জীবনের ব্যবসার অভিজ্ঞতার কথা তুলে ধরে এনবিআর ইস্যুসমূহ ব্যবসায়ীদের জানায় এবং এনবিআর কর্তৃক এসেসমেন্ট করার সময় বিষয় সংশ্লিষ্ট অভিজ্ঞ ব্যক্তিদের দ্বারা তা করানোর গুরুত্ব তুলে ধরেন। তিনি যে কোন পলিসি তৈরীর সময় বে-সরকারি খাতকে সম্পৃক্ত করা অত্যন্ত জরুরী বলে অভিমত ব্যক্ত করেন। তিনি বিসিআইকে এ ধরণের কর্মশালা আয়োজন করার জন্য ধন্যবাদ জানান।

কর্মশালার দ্বিতীয় ভাগে Customs and VAT সংশ্লিষ্ট আইন ও বিধির বিভিন্ন দিক সম্পর্কে জনাব তারেক হাসান, প্রথম সচিব, কাস্টমস, এনবিআর এবং ব্যারিস্টার মো. বদরুজ্জামান মুন্সী, দ্বিতীয় সচিব, ভ্যাট নীতি, এনবিআর আলোচনা করেন এবং অংশগ্রহণকারীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন।

# বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ
# Bangladesh Chamber of Industries
Edison Prime (8th floor), 261/C, Tejgaon I/A, Nabisco Bus Stand, Dhaka-1208, Bangladesh
Phone: +8809611463463, Mobile: +8801934327752
E-mail : info@bci-bd.org, bci.bci85@gmail.com, Web : www.bci-bd.org


কর্মশালার শেষ অংশে অংশগ্রহণকারীদের মতামত/ফিডব্যাক নেয়া হয় এবং সকলের নিকট সার্টিফিকেট বিতরন করা হয়। বিসিআই এর সেক্রেটারি জেনারেল আলোচকবৃন্দ ও সকল অংশগ্রহণকারীকে আনুষ্ঠানিক বিদায় জানান এবং সকলকে বিসিআই এর বিভিন্ন কর্মসূচীর সাথে যুক্ত থাকার অনুরোধ জানান।

02.06-2026

**ড. মোঃ হেলাল উদ্দিন, এনডিসি**
সেক্রেটারি জেনারেল

---

**বিতরণ ঃ চীফ রিপোর্টার / নিউজ এডিটর**

ইত্তেফাক/প্রথম আলো/ সমকাল/বণিক বার্তা/ বাংলাদেশ প্রতিদিন/জনকণ্ঠ/ কালের কণ্ঠ/ইনকিলাব/আমাদের সময়/আমার দেশ/যায় যায় দিন/যুগান্তর/ মানব জমিন/ নয়া দিগন্ত/দেশ রুপান্তর/সময়ের আলো/আলোকিত বাংলাদেশ/ কালবেলা/বাংলাদেশের খবর/দৈনিক বাংলা/ দিনকাল/বাংলা বাজার/বাংলাদেশ বুলেটিন।

The Daily Star/The Financial Express/The Daily Observer/ The New Nation/ New Age /Daily Sun/ Dhaka Tribune/Daily Industry/ Daily Asian Age/ The Bangladesh Today/ The News Today/ Business Standard.

বিটিভি/এটিএন বাংলা/এটিএন নিউজ/ চ্যানেল ২৪/ নিউজ ২৪/ সময় টিভি/ মাছরাঙ্গা টিভি/ ইনডিপেনডেন্ট টিভি/ একাত্তর টিভি/চ্যানেল আই/বৈশাখী টিভি/আরটিভি/দেশ টিভি/একুশে টিভি/মাই টিভি/বাংলা ভিষন/মোহনা টিভি/জি- টিভি/যমুনা টিভি/ডিবিসি টিভি/বাংলা টিভি/এন টিভি/ এসএ টিভি/ দীপ্ত টিভি/ এশিয়ান টিভি/ নাগরিক টিভি/রেডিও টুডে/রেডিও এবিসি।

বাসস/ইউএনবি/বিডি নিউজ ২৪/বাংলা নিউজ ২৪/বাংলা ট্রিবিউন/ জাগো নিউজ।